



শিক্ষকের পদত্যাগকে কেন্দ্র করে মঙ্গলবার ইসলামী বিশ্ববিদ্যালয়ে দুই দশ ছাত্রের মধ্যে ধাওয়া-পাল্টাধাওয়া

ইবিতে শিক্ষক পদত্যাগের ঘটনায় তুলকালাম : ধাওয়া-পাল্টাধাওয়া

ইসলামী বিশ্ববিদ্যালয় প্রতিনিধি

ইসলামী বিশ্ববিদ্যালয়ের আইন বিভাগের এক শিক্ষকের পদত্যাগকে কেন্দ্র করে মঙ্গলবার ক্যাম্পাসে ব্যাপক ভাঙচুর ও ধাওয়া-পাল্টাধাওয়ার ঘটনা ঘটেছে। বর্তমানে ক্যাম্পাসে উত্তেজনা বিরাজ করছে। জানা যায়, বিভাগীয় শিক্ষকদের সঙ্গে বিরোধের স্তরের ধরে আইন বিভাগের সহযোগী অধ্যাপক শাহজাহান মওল মঙ্গলবার দুপুরে এ বিশ্ববিদ্যালয়ে চাকরি করবেন না মর্মে ব্যক্তিগত কাগজ দেখিয়ে বিভাগের চেয়ারম্যান অধ্যাপক কাজী আতিকুর রহমানের কাছে পদত্যাগ পত্র জমা দেন। পদত্যাগপত্রের অনুলিপি রেজিস্ট্রারকেও দেন। তবে পদত্যাগপত্রে তিনি কোন কারণ উল্লেখ করেননি। এদিকে পদত্যাগ পত্র না করলে এ ঘটনায় শাহজাহান মওলের অন্তিম ছাত্রসীম সমর্থিত একদল ছাত্র বেলা

২টায় বিশ্ববিদ্যালয়ের মেইন গেট অবরোধ করে আন্দোলন শুরু করে। এতে ক্যাম্পাস ছেড়ে যাওয়া বিশ্ববিদ্যালয়ের শিক্ষক-কর্মচারীসহ ছাত্রছাত্রীদের সব বাস আটকে পড়ে। এ সময় এক অসুস্থ ছাত্র বহনকারী বিশ্ববিদ্যালয়ের মেডিকেল সেন্টারের অ্যাম্বুলেন্স মেইন গেট থেকে বেরিয়ে কুষ্টিয়া যাওয়ার চেষ্টা করলে আন্দোলনকারীরা সেটি ধাক্কা দিয়ে ভাঙচুর করে। এরপর তারা বিশ্ববিদ্যালয়ের প্রশাসন ভবন, কেন্দ্রীয় লাইব্রেরি ও মীর মশাররফ হোসেন ভবনে অবস্থিত আইন বিভাগে প্রবেশ করে ব্যাপক ভাঙচুর চালায়। এ কবর পেয়ে আইন বিভাগের ছাত্রদল ও শিবির সমর্থিত ছাত্ররা লাঠিসোটা নিয়ে সংগঠিত হয়ে ভাঙচুরকারীদের ধাওয়া দিয়ে ক্যাম্পাস থেকে বিতাড়িত করে। এ সময় উভয় প্রহরের মধ্যে ধাওয়া-পাল্টাধাওয়া ও ধাওয়া : পৃষ্ঠা ১০ : কলাম ৩

ধাওয়া : পাল্টা

(শেষ পৃষ্ঠার পর)

ইউপিআরকেল বিঃসং পর ঘটনা ঘটে। এতে ছাত্রসীম সমর্থিত দুই ছাত্র আঃ হুসেইন বলে জানা গেছে। ভাঙচুর ও ধাওয়া-পাল্টাধাওয়া চলাকালে বিশ্ববিদ্যালয়ের প্রটোরিয়াম খড়ির কোন সন্দস্যকে দেখা যায়নি। পুলিশ ছিল মীরব নর্দকের ভূমিকায়। ভাঙচুর ও ধাওয়া-পাল্টাধাওয়া অংশে নেয়া উভয় প্রহরের ছাত্ররাই এ ঘটনাকে দক্ষিণ সমর্থিত নয় বলে দাবি করেছেন। ঘটনার দুই ঘণ্টা পর পরে বিরুদ্ধ ৪টার দিকে ভারপ্রাপ্ত তিনি অধ্যাপক ড. শাহোয়ারুল করীম ঘটনাস্থলে এ ঘটনার সঠিক তদন্তের আশ্বাস দিখে ছাত্রসীম সমর্থিত ছাত্ররা মেইন গেট থেকে অবরোধ তুলে নেয়। পরে উচ্চপদস্থ শিক্ষক-কর্মকর্তাদের নিয়ে ভারপ্রাপ্ত তিনি ভাঙচুরকৃত ভবন ও অফিস পরিদর্শন করেন। গতকালের ঘটনায় ক্যাম্পাসে উত্তেজনা বিরাজ করছে।